


# স্পেশাল এডুকেশন সংক্রান্ত তথ্য-সংস্থান

## NYC পাবলিক স্কুলস্-এ প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীবৃন্দ

প্রত্যেক শিক্ষার্থীর সাফল্যই NYC পাবলিক স্কুলস্-এর প্রধান প্রাধান্য। আমরা একটি নিরাপদ ও স্বাগত পরিবেশ তৈরিতে অঙ্গীকারবদ্ধ যেখানে সকল ছেলেমেয়ে শিখবে, বেড়ে উঠবে এবং সাফল্য লাভ করবে।

আপনার সন্তানের যদি কোনো জানা প্রতিবন্ধিতা থাকে, অথবা আপনার যদি তার বেড়ে-ওঠা, শেখা, কিংবা আচরণ নিয়ে কোনো উদ্বেগ থাকে, তবে সহায়তা দেয়ার জন্য NYC পাবলিক স্কুলস্ আপনার পাশে আছে। আমাদের স্কুলগুলি সকল শিক্ষার্থীর জন্য উন্মুক্ত, এবং আপনার সন্তানের সাফল্য লাভে সহায়তা দেয়ার জন্য নিবেদিত। আপনার সাথে মিলিত হয়ে কীভাবে সবচেয়ে ভালোভাবে আপনার সন্তানের জন্য একটি আন্তরিক শেখার পরিবেশ সৃষ্টি করা যায় তা আলোচনা করার জন্য শিক্ষকবৃন্দ, সাইকোলজিস্ট, ফিজিক্যাল থেরাপিস্ট, কাউন্সেলর, এবং অন্যান্যরা সহ স্কুলের পেশাদারীদের একটি টিম রয়েছেন। একসাথে আমরা নির্ধারণ করবো আপনার সন্তান বিনামূল্যে স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ, বিভিন্ন সহায়তা, ও প্রোগ্রামে যাবার যোগ্য কিনা।



# NYC পাবলিক স্কুলস্-এ প্রতিবন্ধী সহায়তা এবং পরিষেবার ধাপসমূহ



আপনার সন্তানের প্রতিবন্ধিতা, স্বাস্থ্য, বেড়ে-ওঠা, অথবা শেখা সম্পর্কিত বিষয়ে আপনার কাছে কোনো কাগজপত্র বা অন্য তথ্য আছে কি? আমরা সেবিষয়ে জানতে চাই! অনুগ্রহ করে এই তথ্য শেয়ার করুন।

[schools.nyc.gov/welcomecenters](https://schools.nyc.gov/welcomecenters)



আপনার অথবা ফ্যামিলি ওয়েলকাম সেন্টার দ্বারা শেয়ারকৃত তথ্য ব্যবহার করে নতুন স্কুল অথবা কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) আপনার সন্তানের জন্য একটি তুলনাযোগ্য পরিষেবা পরিকল্পনা (কম্প্যারেবল সার্ভিস প্ল্যান, CSP) তৈরি করবে। এই পরিকল্পনা আপনার সন্তানের জন্য ত্বরিত সহায়তা নিশ্চিত করবে।



আপনার সন্তান একবার স্কুলে যাওয়া শুরু করলে, একটি টিম তার প্রাতিষ্ঠানিক ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) প্রক্রিয়াকরণ শুরু করবে। মূল্যায়নগুলোর জন্য আপনার লিখিত সম্মতির চাওয়া হবে, যেন পরিষেবা প্রদানকারীরা সর্বোত্তম যথোপযুক্ত সহায়তা, প্রোগ্রাম, এবং পরিষেবা নির্ধারণ করতে পারে। পাবলিক এডুকেশনে আপনার সন্তানের পূর্ণ এবং সম প্রবেশাধিকার রয়েছে তা নিশ্চিত করতে একসাথে আপনারা একটি ব্যক্তিগতকৃত পরিকল্পনা তৈরি করবেন।

## স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ

যেসব প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে, তাদের ব্যক্তিগতকৃত শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম, IEP) থাকে। স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত তথ্য এবং সংস্থানের জন্য নিচের লিংকগুলো আপনাকে পথ-নির্দেশনা দেবে। আরও জানতে নিচের লিংকগুলো স্ক্যান করুন:



প্রিস্কুল ফ্যামিলি  
গাইড



স্কুল এইজ ফ্যামিলি  
গাইড



IEP প্রক্রিয়া



সহায়ক প্রযুক্তি



NYC-তে স্পেশাল  
এডুকেশন



হাই স্কুল  
পরবর্তী জীবন



স্পেশালাইজড  
বা বিশেষায়িত  
প্রোগ্রামসমূহ

কোনো সাহায্য প্রয়োজন অথবা প্রশ্ন আছে কি?

[schools.nyc.gov/specialeducation](https://schools.nyc.gov/specialeducation)

[specialeducation@schools.nyc.gov](mailto:specialeducation@schools.nyc.gov)

311

T-36345 (Bangla)